

## ■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৭২

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ বসে সালাত আদায় করার সওয়াব দাঁড়িয়ে সালাত আদায়ের অর্ধেক।

باب مَا جَاءَ أَنَّ صَلاَةَ الْقَاعِدِ عَلَى النِّصنْفِ مِنْ صَلاَةِ الْقَائِمِ

## আরবী

حَدَّثَنَا بِذَلِكَ هَنَّادٌ حَدَّثَنَا وَكِيعٌ عَنْ إِبْرَاهِيمَ بْنِ طَهْمَانَ عَنْ حُسَيْنِ الْمُعَلِّمِ بِهِذَا الْحَدِيثِ . قَالَ أَبُو عِيسَى وَلاَ نَعْلَمُ أَحَدًا رَوَى عَنْ حُسَيْنِ الْمُعَلِّمِ نَحْوَ رِوَايَةٍ إِبْرَاهِيمَ بْنِ طَهْمَانَ . وَقَدْ رَوَى أَبُو أُسامَةً وَغَيْرُ وَاحِد عَنْ حُسَيْنِ الْمُعَلِّمِ نَحْوَ رِوَايَةٍ عِيسَى بْنِ يُونُسَ . وَمَعْنَى هَذَا الْحَدِيثِ عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ فِي صَلاَةِ التَّطَوُّعِ . حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا ابْنُ أَبِي عَدِيٍّ عَنْ أَشْعَثَ بْنِ عَبْدِ الْمَلِكِ عَنِ الْحَسَنِ قَالَ إِنْ شَاءَ الرَّجُلُ صَلَّى صَلاَةَ التَّطُوعُ عَلَي جَنْدِ الْمَريضِ إِذَا صَلاَةَ التَّطُعُ أَنْ يُصِلِّي عَلَى جَنْبِهِ الْأَيْمَنِ . وَقَالَ صَلاَةً الْمَلِكِ عَنِ الْعَلْمِ فِي صَلاَةِ الْمَريضِ إِذَا لَمْ يَسْتَطِعْ أَنْ يُصِلِّي عَلَى جَنْبِهِ الأَيْمَنِ . وَقَالَ لَمُعْتُهُمْ يُصِلِّي عَلَى جَنْبِهِ الْأَيْمَنِ . وَقَالَ لَمُعْتَلِي مُسْتَلِّي مُسْتَلِّي جَالِسًا فَقَالُ بَعْضُ أَهْلِ الْعِلْمِ يُصِلِّي عَلَى جَنْبِهِ الأَيْمَنِ . وَقَالَ بَعْضُ هُمْ يُصِلِّي عَلَى جَنْبِهِ الْأَيْمَنِ . وَقَالَ لَمُعْتَلِي مُسْتَلِي مُسْتَلِي مُسْتَلِي عَلَى الْقَالِمِ وَقَالَ الْعِلْمِ لَعْلَى الْقَالِمِ الْعِلْمِ الْعَلْمِ اللَّوْلِ فَقَالَ سُفْيَانُ التَّوْرِيُّ فِي هَذَا لَلْمَدِيثِ " مَنْ صَلِّي عَلَى التَّوْلِ فَقَالًا هَوْلُ سُفْيَانُ التَّوْرِيِّ . وَقَدْ رُويَ فِي بَعْضِ هَذَا الْحَدِيثِ مِثْلُ قَوْلِ سُفْيَانَ التَّوْرِيِّ .

## বাংলা

৩৭২. হান্নাদ (রহঃ) .... ইবরাহীম ইবনু তাহমানের সূত্রে হুসায়ন আল-মুআল্লিম থেকে উল্লেখিত সনদে উক্ত হাদীসটি বর্ণনা করেছেন। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেন : হুসায়ন আল-মুআল্লিম (রহঃ) থেকে ইবরাহীম ইবনু তাহমানের অনুরূপ কেউ রিওয়ায়াত করেছে বলে আমরা জানি না। আবূ উসামা এবং আরো একাধিক রাবী ঈসা ইবনু ইউনূসের অনুরূপ (৩৬৯ নং) রিওয়ায়াত হুসায়ন আল-মুআল্লিম সূত্রে করেছেন। - তিরমিজী হাদিস নম্বরঃ ৩৭২ (এর প্রথম অংশের পর) [আল মাদানী প্রকাশনী]

কতক আলিম এই হাদীসটির র্মম সম্পর্কে বলেছেন যে, এটি নফলের ক্ষেত্রে প্রযোজ্য। মুহাম্মাদ ইবনু বাশশার



রেহঃ) ... হাসান বসরী (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ কেউ ইচ্ছা করলে দাঁড়িয়ে, বসে ও শুয়ে নফল সালাত আদায় করতে পারে। অসূস্থ ব্যক্তি যদি বসেও সালাত আদায় না করতে পারে তবে সে কিভাবে সালাত আদায় করবে, সে বিষয়ে আলিমদের মতবিরোধ রয়েছে। কোন কোন আলিম বেলনঃ ঐ ধরনের ব্যক্তি ডান পার্শ্বে শুয়ে সালাত আদায় করবে। আর কেউ কেউ বলেনঃ কিবলার দিকে পা করে চিত হয়ে শুয়ে সালাত আদায় করবে। "বসে সালাত আদায় করা দাঁড়িয়ে দাঁড়িয়ে আদায় করার তুলনায় অর্ধেক সওয়াব হবে" এই হাদীসটির ব্যাখ্যায় ইমাম সুফইয়ান সাওরী বলেছেনঃ যে ব্যক্তি সুস্থ এবং যার কোন উযর নাই, এমন ধরনের ব্যক্তির ক্ষেত্রে এই হাদীসটি প্রযোজ্য। কিন্তু যদি কেউ অসুস্থতা বা কোন ওযরের কারণে বসে সালাত আদায় করে, তবে সে দাঁড়িয়ে সালাত আদায় করার মতই সওয়াব পাবে। সুফইয়ান সাওরীর এই বক্তব্যের অনুরূপ বক্তব্য কিছু হাদীসেও আছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন